



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন : ০৭২১-৮৬২৪৪৫
ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৪৫
Email : dgmpd@rakub.org.bd

প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার নং-প্রকা/কব্যবি-০১/২০১৩

তারিখ : ২৮-০২-২০১৩

বিষয় : কর্মকর্তা/কর্মচারীদের লাঞ্চ সাবসিডি বৃদ্ধিকরণ প্রসংগে।

শিরোনামে বর্ণিত বিষয়ে এই বিভাগের ০৭-০৯-২০০৯ইং তারিখের সার্কুলার নং-প্রকা/কব্যবি-০৬/২০০৯ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গত ২৭-০২-২০১৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৩৮৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক বর্তমান বাজারে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধির বিষয়টি বিবেচনায় এনে এই ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীকে লাঞ্চ(হালকা নাস্তা পুনর্ভরণসহ) ও ইফতার সাবসিডি হার বৃদ্ধি করতঃ নিম্নরূপভাবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- ১) কর্মকর্তা ও কর্মচারীগণ প্রতি পূর্ণ কর্মদিবসের জন্য জনপ্রতি মধ্যাহ্নভোজন বাবদ ১৭০.০০ (একশত সত্তর) টাকা এবং হালকা নাস্তা বাবদ ৩০ (ত্রিশ) টাকা সর্বমোট ২০০.০০ (দুইশত) টাকা লাঞ্চ সাবসিডি প্রাপ্য হবেন ;
- ২) রমজান মাসে মুসলিম কর্মকর্তা ও কর্মচারীগণ মধ্যাহ্নভোজন ও হালকা নাস্তা বাবদ প্রদত্ত খরচের সমপরিমাণ অর্থ অর্থাৎ ২০০.০০ (দুইশত) টাকা ইফতার সাবসিডি হিসেবে প্রাপ্য হবেন ;
- ৩) অমুসলিম কর্মকর্তা ও কর্মচারীগণ অন্যান্য মাসের ন্যায় রমজান মাসেও মধ্যাহ্নভোজন ও হালকা নাস্তা বাবদ ২০০.০০ (দুইশত) টাকা হিসেবে লাঞ্চ সাবসিডি প্রাপ্য হবেন ;
- ৪) লাঞ্চ সাবসিডি (হালকা নাস্তা খরচ পুনর্ভরণসহ)/ইফতার সাবসিডি বাবদ প্রদেয় অর্থ খরচ খাতের লাঞ্চ/ইফতার সাবসিডি ১৩৩/৬(সি) ডেবিট করে প্রদান করতে হবে ; এবং
- ৫) এ সিদ্ধান্ত ০১ ফেব্রুয়ারি ২০১৩ তারিখ হতে কার্যকর হবে। এতদসংক্রান্ত অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ মাহুফিজুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-০৭/২০১২-২০১৩/২৯৫১(৪৪৪)

তারিখ : ২৮-০২-২০১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
- ৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, এমার্ভিস ভিজিটেশন সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। সহকারী মহাব্যবস্থাপক, ব্লকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১৩। উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া।
- ১৪। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৫। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।